# উবুন্টু টার্মিনালে গুগল রিডার


মো: আমিনুল ইসলাম সজীব

যেকোনো ওয়েবসাইট বা ব্লগ থেকে নিয়মিত আপডেট পেতে হলে সাধারণত তিনটি পদ্ধতি অবলম্বন করতে হয়। এক : সাইটটি বুকমার্ক করে রাখা এবং নিয়মিত চেক করা। দুই : সাইটটিতে ই-মেইলের মাধ্যমে সাবস্ক্রাইব করা, যাতে করে প্রত্যেকটি নতুন আপডেট আপনার ইনবক্সে পৌঁছে যায় এবং তিন : আরএসএস ফিডে সাবস্ক্রাইব করা। অনেক নতুন ব্যবহারকারীই প্রথম দুটির একটি বেছে নেন। অথচ তিন নম্বর পদ্ধতি অর্থাৎ আরএসএস ফিড যেকোনো ওয়েবসাইটের সাথে আপডেটেড থাকার সর্বোৎকৃষ্ট উপায়, তা অনেকেই জানেন না।

## কেন আরএসএস সেরা

ওয়েবসাইট বুকমার্ক করে রাখলে আপনাকে নতুন আপডেট এসেছে কি না, তা না জেনেই বারবার সাইট ভিজিট করতে হবে। এতে করে সময় ও ব্যান্ডউইডথ দুই-ই খরচ বাড়বে। এছাড়া যেসব সাইটে অনিয়মিতভাবে লেখা প্রকাশ করা হয় সেসব সাইটে প্রতিদিন অকারণে ভিজিট করাও বিরক্তিকর লাগবে একসময়।

অন্যদিকে ই-মেইলের মাধ্যমে সাবস্ক্রাইব করলে দেখা যাবে, প্রায়ই আপনার ই-মেইল ইনবক্স প্রচুর অদেখা মেসেজে ভরে যাচ্ছে। বিশেষ করে একাধিক সাইটের গ্রাহক হলে ই-মেইল ইনবক্সের ওপর বেশ চাপ পড়ে, যার ফলে আপনি যেসব সাইটের গ্রাহক সেসব সাইট থেকে আসা ই-মেইলগুলোকে আপনার ব্যক্তিগত ও অন্যান্য অফিসিয়াল ই-মেইল থেকে আলাদা করা দুষ্কর হয়ে পড়ে।



আর এ জন্যই আরএসএস ফিড হচ্ছে যেকোনো ওয়েবসাইটের সাথে যুক্ত থাকার সবচেয়ে ভালো উপায়। আরএসএস হচ্ছে Really Simple Syndication-এর সংক্ষিপ্ত রূপ। এটি মূলত সংশ্লিষ্ট সাইট বা বিভাগের শুধু শিরোনাম বা শিরোনাম এবং মূল রচনার সারাংশ কিংবা পুরোটিই ডেলিভার করে থাকে। আরএসএস ফিডের গ্রাহক হওয়ার জন্য পাঠকের প্রয়োজন হয় একটি আরএসএস ফিডারের। আজকাল মজিলা ফায়ারফক্সেই আরএসএস ফিডার রয়েছে। ফলে আপনি ফায়ারফক্সেই এক ক্লিকে যেকোনো সাইটের আরএসএস ফিডে সাবস্ক্রাইব করতে পারবেন।

কিন্তু কোনো কারণে সিস্টেম রিইনস্টল করতে হলে বা অন্য কোনো কমপিউটারে গেলে আপনার সাবস্ক্রাইব করা আরএসএস ফিডগুলো আর পাবেন না। এ জন্যই মজিলা ফায়ারফক্স কিংবা ডেস্কটপভিত্তিক যেকোনো আরএসএস ফিডের চেয়ে বেশি জনপ্রিয় হচ্ছে গুগল রিডার। গুগল রিডারে (http://reader.google.com) সহজেই যেকোনো সাইটে সাবস্ক্রাইব করা যায় এবং ইচ্ছেমতো সময়ে পড়া যায়। শুধু সাইটের ঠিকানা দিলেই গুগল রিডার নিজে থেকে সাইটের আরএসএস ফিড খুঁজে বের করে এবং সাবস্ক্রাইব করে নেয়। কিন্তু গুগল রিডার পড়তে হলেও আপনাকে ব্রাউজারে যেতে হবে। যদিও এটি ঝামেলার কাজ মনে হয়, তাহলে উবুন্টুতেই রয়েছে আরও সহজ সমাধান।

## টার্মিনালে ই-লিঙ্কস

উবুন্টুতে পদার্পণের ক্ষেত্রে অনেকেই প্রথমেই যে ভয় পান তা হচ্ছে কমান্ড লাইন বা টার্মিনালের ভয়। অথচ বাস্তবতা হচ্ছে, কমান্ড লাইন বেশ মজার এবং একবার শিখে ফেললে কমান্ড লাইন ছাড়া কাজ করতে ইচ্ছে করবে না, যদিও উবুন্টুর বর্তমান সংস্করণগুলোতে কমান্ড লাইন ছাড়াই যাবতীয় সব কাজ করা যাচ্ছে। টার্মিনালের ক্ষমতাকে আরও বাড়াতে রয়েছে ই-লিঙ্কস নামের শুধু টেক্সটভিত্তিক ব্রাউজার। এটি ইনস্টল করে নিলে সহজেই টার্মিনাল থেকে গুগল রিডার পড়তে পারবেন। দেখা যাক কিভাবে কী করতে হবে।

প্রথমেই ই-লিঙ্কস (eLinks) ইনস্টল করে নিন। এটি আপনার প্যাকেজ ম্যানেজারে অথবা সফটওয়্যার সেন্টারে পাবেন। কোনো কারণে পাওয়া না গেলে ব্রাউজারে লিখুন apt:elinks এবং এন্টার চাপুন।

ইনস্টল শেষ হয়ে গেলে টার্মিনাল চালু করুন। ইউনিটি ডেস্কটপে বাম দিকের লঞ্চারেই টার্মিনাল আইকন পাবেন। আগের সংস্করণ ব্যবহার করলে অ্যাপ্লিকেশন মেনু থেকে অ্যাক্সেসরিজ মেনুতে যান, সেখানে টার্মিনাল অপশন পাবেন।

এবার গুগল রিডারের মোবাইল সংস্করণে ঠিকানা লিখে এন্টার দিন। আরও সহজে অ্যাক্সেস করতে চাইলে টার্মিনাল খুলে প্রথমেই elinks google.com/reader/m লিখে এন্টার চাপুন। এর মাধ্যমে টার্মিনালের মধ্যেই নতুন একটি ব্রাউজার চালু করলেন, যার নাম ই-লিঙ্কস এবং ব্রাউজারটি দিয়ে গুগল রিডারের মোবাইল সংস্করণে নেভিগেট করলেন। যেহেতু একেকজনের গুগল রিডারে একেক রকম ফিড সাবস্ক্রাইব করা থাকে, সেহেতু এখানে আপনাকে আপনার গুগল অ্যাকাউন্টে লগইন করতে হবে। লগইন করার জন্য টার্মিনালে বক্স পাবেন। অ্যারো কি ব্যবহার করে নেভিগেট করুন এবং ইউজারনেম ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করুন।

লগইন করার পর সাবস্ক্রাইব করা ফিডগুলো থেকে নতুন আসা হেডলাইনগুলো দেখতে পাবেন টার্মিনালে।

যেটি পড়তে চান, সেই শিরোনাম সিলেক্ট করে এন্টার চাপলে পুরো আর্টিকেল অথবা ফিডে যতটুকু ডেলিভার করা হচ্ছে ততটুকু দেখতে পাবেন।

এখানে লক্ষণীয়, ই-লিঙ্কস মূলত একটি টেক্সট অনলি ব্রাউজার, যা উবুন্টু বা লিনআক্স এবং ম্যাকিনটোশ কমপিউটারের টার্মিনালে কাজ করে। তাই স্বাভাবিকভাবেই প্রাপ্ত ফিডে কোনো ছবি বা ভিডিও থাকলে তা দেখা যাবে না। এছাড়া সব ফিডের ক্ষেত্রে পুরো লেখা পড়া নাও যেতে পারে। কেননা, ওয়েবসাইট ডেভেলপাররা ঠিক করে দিতে পারেন আরএসএস ফিডে সম্পূর্ণ আর্টিকেল পড়া যাবে কি না। সাধারণত ওয়েবসাইটে ভিজিটর বাড়ানোর লক্ষ্যে আরএসএস ফিডে মূল লেখার সারাংশটুকু দেয়া হয়ে থাকে। এতে করে সারাংশটুকু টিজার হিসেবে কাজ করে যা পাঠককে মূল সাইটে যেতে উদ্বুদ্ধ করে। সে ধরনের ফিডে সাবস্ক্রাইবড থাকলে টার্মিনালে যতটুকু ডেলিভার করা হয়েছে ততটুকুই দেখা যাবে।

ই-লিঙ্কসের আরেকটি সুবিধা হচ্ছে, যেহেতু এটি একটি ব্রাউজার, এটি দিয়ে টার্মিনালে শুধু গুগল রিডারই নয়, বরং যেকোনো বর্ণভিত্তিক ওয়েব পেজ দেখা যাবে, যা বিশেষ করে মোবাইলের জন্য তৈরি। মোবাইলে স্ক্রিন সাইজ ছোট হয় বিধায় অনেক ওয়েব ডেভেলপারই মূল সাইটের পাশাপাশি একটি মোবাইল ভার্সন তৈরি করে থাকেন যেখানে অন্যান্য স্ক্রিপ্ট কম দিয়ে টেক্সট বা লেখার প্রতি বেশি গুরুত্ব দেয়া হয়। সেসব সাইটও ই-লিঙ্কস ব্যবহার করে ভিজিট করা যাবে। যেমন-বিবিসির মোবাইল সংস্করণ (bbc.co.uk/mobile/i) পড়া যাবে টার্মিনালে বসেই।

উবুন্টু ছাড়াও লিনআক্স মিন্টসহ ডেবিয়ানভিত্তিক যেকোনো লিনআক্স ডিস্ট্রো এবং ম্যাকে কাজ করবে ই-লিঙ্কস। তাই এখনই ই-লিঙ্কস ট্রাই করুন এবং পছন্দের সাইটগুলোর সঙ্গে আপডেটেড থাকুন সবচেয়ে কম ব্যান্ডউইডথ খরচ করে।

ফিডব্যাক : sajib@aixjournal.com